

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

নং কম্প/এমপ্লয়ীজ বেনিভোলেন্ট ফান্ড/৪/সি- ৪২৪(৮০)

তারিখঃ ২২/০৯/১৩ইং


“বৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি”

এই বিশ্ববিদ্যালয়ের টাঃ ৪১০০-৭৭৪০/- হইতে টাঃ ১৮,৫০০-২৯,৭০০/- (জাতীয় বেতন স্কেল ২০০৯ইং) পর্যন্ত বেতন স্কেলভুক্ত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর অধ্যয়নরত মেধাবী ছেলে মেয়েদের লেখাপড়ার সাহায্যার্থে এমপ্লয়ীজ বেনিভোলেন্ট ফান্ড হইতে ২০১৩ইং সনের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য নিম্নলিখিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। দরখাস্তসমূহ যথারীতি পূরণ করিয়া সর্বশেষ ৩০/১০/২০১৩ইং রোজ বুধবার এর মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে দাখিল করিতে হইবে (ফরম কম্পট্রোলার অফিসের ফান্ড শাখায় পাওয়া যাইবে এবং জমা নেওয়া হইবে)।

শর্তাবলীঃ

- ১। সর্বশেষ বার্ষিক পরীক্ষার ফলাফল এর ফটোকপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান দ্বারা সত্যায়িত করিয়া দরখাস্তের সাথে অবশ্যই দাখিল করিতে হইবে।
- ২। আবেদনপত্রে উল্লেখিত তথ্যাবলি (পূর্ণাঙ্গ ঠিকানা সহ) যথাযথভাবে পূরণ করিয়া নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই দাখিল করিতে হইবে। উক্ত তারিখের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হইবে না।
- ৩। ছাত্র/ছাত্রীর মেধা ও শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন ইত্যাদি সামগ্রিকভাবে বিবেচনাক্রমে বৃত্তির মাসিক পরিমাণ নির্ধারণ করা হইবে।
- ৪। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৫। শিক্ষা বৃত্তির ব্যাপারে সংশ্লিষ্ট কমিটির বিবেচনাই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,



(মোঃ জসিম উদ্দিন আকবর, এফসিএমএ)

কম্পট্রোলার

বিতরণঃ

- ১। উপাচার্য মহোদয়ের সচিব, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ২। সকল অফিস/বিভাগীয় প্রধান, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৩। সকল হল প্রভোস্ট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৪। সকল নোটিশ বোর্ড, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৫। কর্মচারী কল্যাণ ক্লাব, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
- ৬। ৪র্থ শ্রেণী কর্মচারী কল্যাণ ক্লাব, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের
জন্য অনুরোধ করা হইল।

সোলায়মান

